# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫০১

পর্ব-১০: আল্লাহ তা‘আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৌলিক দু‘আসমূহ

## আরবী

وَعَن أُمِّ مَعْبدٍ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «اللَّهُمَّ طَهِّرْ قَلْبِي مِنَ النِّفَاقِ وَعَمَلِي مِنَ الرِّيَاءِ وَلِسَانِي مِنَ الْكَذِبِ وَعَيْنِي مِنَ الْخِيَانَةِ فَإِنَّكَ تَعْلَمُ خَائِنَةَ الْأَعْيُنِ وَمَا تُخْفِي الصُّدُورُ» . رَوَاهُمَا الْبَيْهَقِيُّ فِي الدَّعوات الْكَبِير

## বাংলা

২৫০১-[২০] উম্মু মা’বাদ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, [তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দু’আ করতেন]

’’আল্ল-হুম্মা ত্বহ্হির কলবী মিনান্ নিফা-কি ওয়া ’আমলী মিনার্ রিয়া-য়ি ওয়া লিসা-নী মিনাল কাযিবি ওয়া ’আয়নী মিনাল খিয়া-নাতি ফাইন্নাকা তা’লামু খ-য়িনাতাল আ’ইউনি ওয়ামা- তুখফিস্ সুদূর’’

(অর্থাৎ- হে আল্লাহ! তুমি আমার অন্তরকে মুনাফিক্বী হতে, আমার কাজকে লোক দেখানো হতে, আমার জবানকে মিথ্যা বলা হতে এবং [আমার] চোখকে খিয়ানাত করা হতে পাক-পবিত্র করো। তুমি অবশ্যই জানো চোখ যা খিয়ানাত করে এবং অন্তরসমূহ যা গোপন করে। (বায়হাক্বী- দা’ওয়াতুল কাবীর)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আদ্ দা‘ওয়াতুল কাবীর ২৫৮, য‘ঈফ আল জামি‘ ১২০৯। কারণ ‘আবদুর রহমান বিন যিয়াদ বিন আন্‘উম আর ফারাজ বিন ফুযালাহ্ দু’জন দূর্বল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু‘আ শিক্ষা দিচ্ছেন এভাবে যে, হে আল্লাহ! আমার অন্তরকে নিফাক তথা কপটতা থেকে পবিত্র করো। এখানে নিফাক বলতে অন্তরে এক আর বাহিরে আরেক এমন বৈপরীত্যকে বুঝানো হয়েছে। এ দু‘আর অর্থ হলো, হে আল্লাহ! তুমি দীনের ব্যাপারে নিশ্চিত বিশ্বাস অর্জন ও মুসলিমদের মাঝে

প্রকাশ্য ও গোপন; সকল কাজে সমানভাবে করার মাধ্যমে আমার অন্তরকে কপটতা থেকে পবিত্র করো। উল্লেখ্য যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মা‘সূম তথা নিষ্পাপ হওয়া সত্ত্বেও এমন দু‘আ করেছেন এজন্য যে, তিনি এর মাধ্যমে তার উম্মাতকে শেখাতে চেয়েছেন যে, তারা কিভাবে আল্লাহর নিকট দু‘আ করবে। আমার ‘আমলকে রিয়া থেকে পবিত্র করো। রিয়া হলো মানুষ দেখুক, শুনুক এবং প্রশংসা করুক- এমন মানসিক অবস্থা নিয়ে কোন কাজ করা। এর থেকে বাঁচার উপায় হচ্ছে প্রতিটি ‘আমল পূর্ণ ইখলাসের সাথে সম্পাদন করা।

হাদীসে মিথ্যা কথা বলতে মিথ্যা কথার সাথে সাথে এ রকম যে কোন কাজ যেমন গীবত, চোগলখোরী ইত্যাদিকে বুঝানো হয়েছে। এখানে বিশেষভাবে মুখের দ্বারা যে গুনাহ করা হয় তার কথা উল্লেখ করা হয়েছে এজন্য যে, এটি আল্লাহর নিকট এবং সৃষ্টির নিকট সকল পাপের মধ্যে অন্যতম বড় নিকৃষ্ট পাপ।

চোখকে খিয়ানাত থেকে পবিত্র করো। এর অর্থ হলো, চোখ দিয়ে আমি যেন এমন কিছু না দেখি যা দেখা আমার জন্য বৈধ নয়। আর চোখ দ্বারা যেসব ফাসাদ সৃষ্টি হয় তা যে সৃষ্টি না করি এবং তুমি আমার অন্তর যা গোপন করে, অর্থাৎ- শয়তানের কুমন্ত্রণা, খিয়ানাত ইত্যাদি থেকে আমাকে পবিত্র করো।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57061

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন